ই-মেইল/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০২.০১৯.১৮/৪৫ তারিখ: ১৮/০২/২০২১ খ্রি.।

বিষয়: **WCO-Japan Career Development Programme (CDP) 2021/2022 এর আওতায় ১০ (দশ) মাস মেয়াদী CDP প্রোগ্রামে অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান।**

সূত্র: WCO হতে প্রাপ্ত পত্র নং-21SL0018E, তারিখ: ২৭ জানুয়ারি ২০২১/ব্রাসেলস।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, WCO-Japan Career Development Programme (CDP) 2021/2022 এর আওতায় ১০ (দশ) মাস মেয়াদী CDP প্রোগ্রামে অংশগ্রহণের জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণের আবেদন চাওয়া হয়েছে।

০২। উল্লিখিত প্রোগ্রামে আবেদনে আগ্রহী প্রার্থীর যোগ্যতা, কর্মপরিধি, প্রোগ্রামের সময়সূচী এবং এ সংক্রান্ত অন্যান্য বিষয়ে এ পত্রের সাথে সংযুক্ত WCO হতে প্রাপ্ত দলিলাদিতে বিস্তারিত উল্লেখ রয়েছে। উল্লেখ্য, আবেদনকারী কর্মকর্তাগণকে ইংরেজিতে ভাষাগত দক্ষতার প্রমাণক হিসেবে আবেদনপত্রের সাথে Valid IELTS/TOEFL Score Card বা এ সংক্রান্ত অন্য কোন দলিলাদি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, উপরোক্ত প্রোগ্রামে অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে (সহকারী কমিশনার ও তদূর্ধ্ব) আগামী ০১ মার্চ, ২০২১ খ্রি. তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস: WCO Affairs শাখায় আবেদনপত্র (ইংরেজিতে ভাষাগত দক্ষতার প্রমাণকসহ) ই-মেইলযোগে (shahid.zaman31@nbr.gov.bd) নির্ধারিত ফর্মে PDF ও MS Word (Nikosh English Font-12) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, বিরাজমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় সূত্রোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে যোগাযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে শুধুমাত্র ই-মেইল মাধ্যম ব্যবহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১৭ (সতের) পাতা (ই-মেইলে প্রেরিত)।

(মোঃ শহিদুজ্জামান সরকার)
দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: shahid.zaman31@nbr.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
২। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা, খুলনা/পানগাঁও/আইসিডি/বেনাপোল।
৩। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, ঢাকা/ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, ঢাকা।
৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/রংপুর/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/যশোর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

ই-মেইল/বাহক মারফত

৫। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৬। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি)/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/খুলনা/চট্টগ্রাম।

৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

৯। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

১০। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।**

১১। প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১২। দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২। পিএ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস রপ্তানি বন্ড ও আইটি)/(কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৩। পিএ টু সদস্য (বোর্ড প্রশাসন/(কাস্টমস ও ভ্যাট প্রশাসন)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(কাস্টমস নীতি)/(মূসক নীতি)/(মূসক নীরিক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।